কমপিউটার জগৎ
COMPUTER JAGAT

প্রতিষ্ঠাতা : অধ্যাপক আবদুল কাদের

উপদেষ্টা
ড. জামিলুর রেজা চৌধুরী
ড. মুহাম্মদ ইব্রাহীম
ড. মোহাম্মদ কায়কোবাদ
ড. মোহাম্মদ আলমগীর হোসেন
ড. যুগল কৃষ্ণ দাস

সম্পাদনা উপদেষ্টা : অধ্যাপক ড. এ কে এম হাফিজ উদ্দিন
সম্পাদক — গোলাপ মুনীর
সহযোগী সম্পাদক — মঈন উদ্দীন মাহমুদ
সহকারী সম্পাদক — এম. এ. হক অনু
কারিগরি সম্পাদক — মো: আবদুল ওয়াহেদ তমাল
সহকারী কারিগরি সম্পাদক — মুশাররফ আক্তার
সম্পাদনা সহযোগী — মো: আহসান আরিফ, সাজেদ উদ্দিন মাহমুদ

বিদেশ প্রতিনিধি
জামাল উদ্দীন মাহমুদ — আমেরিকা
ড. খান মনজুর-এ-খোদা — কানাডা
ড. এস মাহমুদ — ব্রিটেন
নির্মল চন্দ্র চৌধুরী — অস্ট্রেলিয়া
মাহবুব রহমান — জাপান
এস. ব্যানার্জী — ভারত
আ. ফ. মো: শামসুজ্জোহা — সিঙ্গাপুর
নাসির উদ্দিন পারভেজ — মালয়েশিয়া

প্রচ্ছদ — এম. এ. হক অনু
প্রসেস মাস্টার — মোহাম্মদ এহতেশাম উদ্দিন
অঙ্গসজ্জা ও অলংকরণ — সমর রঞ্জন মিত্র, মো: মাসুদুর রহমান

মুদ্রণে : বাইটস (প্রা.) লি.
৬৪সি/২, আজিমপুর রোড, ঢাকা-১২০৫
অর্থ ব্যবস্থাপক — সাজেদ আলী বিশ্বাস
বিজ্ঞাপন ব্যবস্থাপক — শিমুল খান
জনসংযোগ ও প্রচার ব্যবস্থাপক — প্রকৌ. শাহজালাল শাহাব মাহমুদ
উৎপাদন ও বিতরণ কর্মকর্তা — মো: নুরুল ইসলাম আরিফ

প্রকাশক : নাজমা কাদের
কক্ষ নম্বর-১১, বিসিএস কমপিউটার সিটি
রোকেয়া সরণি, আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন : ৮১২৫৮০৭, ৮১১৬৭৪৬, ০১৭১১৫৪৪২১৭
ফ্যাক্স : ৮৮-০২-৯৬৬৪৭২৩
ই-মেইল : jagat@comjagat.com
ওয়েব : www.comjagat.com
যোগাযোগের ঠিকানা :
কমপিউটার জগৎ
কক্ষ নম্বর-১১, বিসিএস কমপিউটার সিটি
রোকেয়া সরণি, আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন : ৮১২৫৮০৭

Editor — Golap Monir
Associate Editor — Main Uddin Mahmood
Assistant Editor — M. A. Haque Anu
Technical Editor — Md. Abdul Wahed Tomal
Correspondent — Md. Abdul Hafiz

Published from :
Computer Jagat
Room No.11
BCS Computer City, Rokeya Sarani
Agargaon, Dhaka-1207
Tel : 8125807

Published by : Nazma Kader
Tel : 8116746, 8113522, 01711-544217
Fax : 88-02-9664723
E-mail : jagat@comjagat.com

# সম্পাদকীয়

## কমপিউটার জগৎ-এর বিশ বছর পূর্তি

চলতি সংখ্যাটি কমপিউটার জগৎ-এর বিশ বছর পূর্তিসংখ্যা। এই বিশ বছর নিয়মিত প্রকাশনার মধ্য দিয়ে কমপিউটার জগৎ অতিক্রম করল একটি মাইলফলক। রচনা করল এদেশের তথ্যপ্রযুক্তি আন্দোলনের এক অধ্যায়। এ অধ্যায় এদেশের সাধারণ মানুষের হাতে তথ্যপ্রযুক্তি জগতের বিস্ময়কর অবদান কমপিউটার যন্ত্রকে পৌঁছানোর আন্দোলনের। এর বিপুল সম্ভাবনার কথা দেশবাসীকে জানাবার। দেশের নীতি-নির্ধারক ও দেশ পরিচালনায় সংশি-ষ্ট ব্যক্তিবর্গের কাছে তথ্যপ্রযুক্তির ব্যবহার ব্যাপকতর করে তোলার তাগিদ দেয়ার। তথ্যপ্রযুক্তি জগৎ থেকে আসা নতুন নতুন সম্ভাবনাগুলোকে জাতির কাছে তুলে ধরার। মোটকথা তথ্যপ্রযুক্তিকে হাতিয়ার করে এর ব্যবহার সবখানে ছড়িয়ে তথ্যপ্রযুক্তিসমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলার পাশাপাশি দুর্নীতি ও অভাবমুক্ত এমন এক বাংলাদেশ বাস্তবায়নের, যেখানে বাংলাদেশীরা সুযোগ পাবে অন্যদের সামনে মাথা তুলে দাঁড়িয়ে গর্ব করার। এ মিশন নিয়েই কমপিউটার জগৎ পথ চলেছে বিগত বিশটি বছর। এই বিশটি বছর নানা প্রতিকূলতার মাঝেও এসব লক্ষ্য অর্জনে ছিল বরাবর অবিচল। আজকের এই বিশ বছর পূর্তির দিনে আমরা নতুন করে প্রত্যয় ঘোষণা করতে চাই আগামী দিনেও এ লক্ষ্যে আমরা থাকব আপোসহীন।

আমাদের বিশ বছরের পথ চলার কঠিন বাস্তবতা মোকাবেলা করে আজকের এ পর্যায়ে আসা হয়তো সম্ভব হতো না, যদি না আমাদের পেছনে থাকত লেখক, পাঠক, অ্যাজেন্ট, বিজ্ঞাপনদাতা, পৃষ্ঠপোষক ও শুভানুধ্যায়ীদের সক্রিয় সহায়তা। তাই আজকের এ শুভদিনে আমরা কৃতজ্ঞতার সাথে স্মরণ করি তাদের সবার মূল্যবান অবদানের কথা। সেই সাথে প্রত্যাশা করছি আগামী দিনেও তাদের এই ইতিবাচক ভূমিকা অব্যাহত থাকবে।

আগামী দিনে আমরা কমপিউটার জগৎ-কে সাজাতে চাই আমাদের সম্মানিত পাঠকবর্গের মনের মতো করে। পূরণ করতে চাই পাঠক-চাহিদা। পাঠকবর্গের প্রতি আমাদের আহ্বান থাকবে– আগামী দিনগুলোকে কমপিউটার সম্পর্কে আপনাদের ভালোলাগা-মন্দলাগা গঠনমূলক সমালোচনা ও আপনাদের চাহিদার কথা লিখে জানান। আপনাদের সমালোচনা-পরামর্শ আগামী দিনে সঠিক পথরেখা চিহ্নিত করতে সহায়তা করবে।

আজ কমপিউটার জগৎ-এর বিশ বছর পূর্তির আনন্দঘন সময়ে আমাদের প্রতিষ্ঠাতা প্রাণপুরুষ অধ্যাপক মরহুম আবদুল কাদের আমাদের মাঝে নেই। তিনি আজ থেকে আট বছর আগে ২০০৩ সালের ৩ জুলাই আমাদের ছেড়ে চলে গেছেন। তিনি আজ আমাদের পাশে থাকলে আমাদের এই খুশির মাত্রা নিশ্চিতভাবে আরো অনেকগুণে বেড়ে যেত। সে যাই হোক, আজ আমরা তার আত্মার মাগফিরাত কামনা করছি। অধ্যাপক আবদুল কাদের শারীরিকভাবে আমাদের ছেড়ে চলে গেছেন সত্যি, তবে তিনি পেছনে ফেলে রেখে গেছেন আদর্শ আর এদেশের তথ্যপ্রযুক্তি আন্দোলন সূচিত দিকনির্দেশনা। তার রেখে যাওয়া দিকনির্দেশনা বিবেচনা মাথায় রেখে তার সূচিত পথরেখা ধরে পথ চলতে পারলে একদিন তার স্বপ্নকল্পিত তথ্যপ্রযুক্তিসমৃদ্ধ সুখী বাংলাদেশ আমরা নিশ্চিতভাবে গড়তে পারব। সে বিশ্বাস আমাদের আছে। তাই আজকের দিনে সব মহলের প্রতি আমাদের আহ্বান, আসুন আমরা তথ্যপ্রযুক্তি আন্দোলনের অবশিষ্ট লক্ষ্য অর্জনে এগিয়ে চলি। এসব লক্ষ্য অর্জন করে বাংলাদেশকে তথ্যপ্রযুক্তির মহাসড়কে নিয়ে দাঁড় করি। সে মহাসড়ক ধরে পথ চলে নিশ্চিত করি সমৃদ্ধ বাংলাদেশ গড়ার কাঙ্ক্ষিত কাজটি।

এ বিশ বছর আমরা এ দেশের তথ্যপ্রযুক্তির ব্যবহারকে সার্বজনীন করে তোলার জন্য নানা বিষয়ে নানা মাত্রায় উপায়-প্রক্রিয়ায় সংশি-ষ্ট কর্তৃপক্ষ ও দায়িত্বশীলদের কাছে জোরালো তাগিদ দিয়ে এসেছি অব্যাহতভাবে। তার পরেও অনেক ক্ষেত্রে আমাদের সে তাগিদে সাড়া মেলেনি। ফলে তথ্যপ্রযুক্তি খাতকে এগিয়ে নেয়ার জন্য প্রয়োজনীয় অনেক কাজই এখনো বাস্তবায়নের অপেক্ষায়। এখনো বহুল আলোচিত হাইটেক পার্ক গড়ে তোলা হয়নি। আমরা এখনো নিজস্ব উপগ্রহ ব্যবস্থা কায়েম করতে পারিনি। সবেধন নীলমণির মতো একটি মাত্র সাবমেরিন ক্যাবলের ওপর নির্ভর করে চলছে আমাদের ব্রডব্যান্ড ইন্টারনেট কানেকশন। এটি কোনোমতে ব্যবহার উপযোগিতা হারালে গোটা বিশ্বের সাথে কার্যত আমাদের ইন্টারনেট সংযোগ হারিয়ে ফেলবে। সেজন্য দ্বিতীয় আরেকটি সাবমেরিন ক্যাবল সংযোগ দরকার, যা এখনো আমরা নিতে পারিনি। তাছাড়া আমাদের সাবমেরিন ক্যাবলের ব্যান্ডউইডথের একটি উলে-খযোগ্য অংশ এখনো অব্যবহৃত রয়ে গেছে। সরকার এ ব্যান্ডউইডথ নিজের দেশের মানুষের ব্যবহারে না লাগিয়ে দেশের বাইরে রফতানির কথা ভাবছে, যা খুবই দুঃখজনক। এখনো কমপিউটার ও কমপিউটার পণ্য সস্তায় সরবরাহ করে এ যন্ত্রটির ব্যবহার সার্বজনীন করে তুলতে পারিনি। এর বাইরে আছে তথ্যপ্রযুক্তির অনেক ক্ষেত্রেই আমাদের পিছিয়ে থাকা। আসুন এসব মোকাবেলা করে নিজেদের পৌঁছাই উন্নতির স্বর্ণ শিখরে। কমপিউটার জগৎ-এর বিশ বছর পূর্তির সময়ে সে তাগিদ রইল সংশি-ষ্টজনদের জন্য।

লেখক সম্পাদক
- প্রকৌশলী তাজুল ইসলাম
- সৈয়দ হাসান মাহমুদ
- সৈয়দ হোসেন মাহমুদ
- মো: আবদুল ওয়াহেদ